16

দৈনিক সংবাদ

OCT. 1 8 1999
পৃঃ ৭ কলাম ৪

# শাবিপ্রবি সংবাদ

শাবিপ্রবি (সিলেট) সংবাদদাতা ঃ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান ড. এ. টি. এম্ জহুরুল হকের নেতৃত্বে উচ্চক্ষমতাসম্পন্ন একটি প্রতিনিধিদল সম্প্রতি শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি) পরিদর্শন করে।

দলে আরো ছিলেন মঞ্জুরি কমিশনের সদস্য ড. মঞ্জুর মোরশেদ মাহমুদ, সচিব মোঃ শহীদুল্লাহ, উপ-সচিব ডাঃ মোঃ লুৎফর রহমান এবং উপ-পরিচালক (অর্থ ও হিসাব) মোঃ ইউনুস। প্রতিনিধিরা শাবিপ্রবি কর্তৃপক্ষের সাথে উত্তর-পূর্বাঞ্চলের এই সর্বোচ্চ বিদ্যাপীঠের উন্নয়ন, অগ্রগতি ও অন্যান্য বিষয় নিয়ে আলোচনা করেন।

প্রতিনিধিদল শাবিপ্রবির কেন্দ্রীয় গ্রন্থাগার, কম্পিউটার কেন্দ্র, ইন্টারনেট ব্যবস্থা ও হলগুলো পরিদর্শন করেন। উপাচার্য অধ্যাপক মোহাম্মদ হাবিবুর রহমান, কোষাধ্যক্ষ অধ্যাপক মোঃ আবদুল আজিজ, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মোঃ ফয়জুল হক, পরীক্ষা নিয়ন্ত্রক ছালিকুর রহমান চৌধুরী, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) মাহমুদ হোসেন, পরিচালক (অর্থ ও হিসাব) আলী মাহমুদ চৌধুরী, গ্রন্থাগারিক আবদুল হাই ছামেনী, ভৌত বিজ্ঞান অনুষদের ডীন অধ্যাপক এমাদ উদ্দিন চৌধুরী, ফলিত বিজ্ঞান অনুষদের ডীন (ভারপ্রাপ্ত) অধ্যাপক জয়নাল আবেদীন প্রমুখ এসময় উপস্থিত ছিলেন।

## ছাত্রলীগের কমিটি

ছাত্রলীগ শাবিপ্রবি শাখার এক কর্মিসভা সম্প্রতি অনুষ্ঠিত হয়।

শাখা সভাপতি মোঃ জাকির হোসেনের সভাপতিত্বে এতে প্রধান অতিথি ছিলেন কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক শাকসুর সাবেক সহ-সভাপতি কে, এম আশরাফুল আজীম রুবন। এছাড়াও আবদুল বাসিত, জগলু চৌধুরী, এ, বি, এম ফারুক খান, ফখর উদ্দিন পলাশ, মোঃ জুনায়েদ হোসেন, মাহবুবুর রহমান, মঞ্জুরুল ইসলাম প্রমুখ কর্মিসভায় বক্তৃতা করেন।

পরদিন শাখার ৪১ সদস্য বিশিষ্ট কার্যকরী পরিষদের নাম ঘোষণা করা হয়। এতে মোঃ জাকির হোসেন সভাপতি, মোঃ বাবু ইউসুফ, আজবাহার মুন্সী, নেপাল চন্দ্র দাস, এ, বি, এম ফারুক খান ও ফখর উদ্দিন পলাশ সহ-সভাপতি, আবদুল বাসিত সাধারণ সম্পাদক, গোলাম আজাদ ও পলক দত্ত যুগ্ম সম্পাদক এবং মঞ্জুরুল ইসলাম সাংগঠনিক সম্পাদক নির্বাচিত হয়েছেন।



*সিলেট ঃ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পরিদর্শনকালে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান ডঃ এ.টি.এম জহুরুল হককে ক্রেস্ট উপহার দিচ্ছেন উপাচার্য অধ্যাপক মোহাম্মদ হাবিবুর রহমান। — সংবাদ*

## ছাত্রফ্রন্টের নবীনবরণ

সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট শাবিপ্রবি শাখার নবীনবরণ সম্প্রতি মিনি অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়।

লাভলী রায় তালুকদারের সভাপতিত্বে এতে প্রধান আলোচক ছিলেন কেন্দ্রীয় সাধারণ সম্পাদক সাইফুর রহমান তপন। এছাড়াও কেন্দ্রীয় নেতা খোকন দাস, জেলা সভাপতি উজ্জ্বল রায় ও নবীনদের পক্ষে রবি বক্তব্য রাখেন।

## ছাত্রদলের কাউন্সিল

জাতীয় ছাত্রদল শাবিপ্রবি শাখার কাউন্সিল সম্প্রতি অনুষ্ঠিত হয়।

জয়দীপ দাস চম্পুর সভাপতিত্বে এতে প্রধান অতিথি ছিলেন কেন্দ্রীয় সহ-সভাপতি মামুন আহমদ খান। বিশেষ অতিথি ছিলেন ট্রেড ইউনিয়ন সংঘ জেলা শাখার সভাপতি ই,ইউ শহিদুল ইসলাম শাহীন। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সজল ভট্টাচার্য, রাজু বিশ্বাস, ছাদিকুর রহমান ছাদিক, আবুল কালাম আজাদ, বিচিত্র কুমার সিংহ, লীনা দাস, বাদল আহমদ, রঞ্জন দত্ত প্রমুখ। পরে জয়দীপ দাস চম্পুকে সভাপতি, বিচিত্র কুমার সিংহকে সাধারণ সম্পাদক ও আবুল কাশেম খানকে সাংগঠনিক সম্পাদক করে নতুন কার্যকরী পরিষদ গঠন করা হয়।